

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও,  
শেরেবাংলা নগর ঢাকা-১২০৭



তারিখঃ ২১ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

### সংবাদ বিজ্ঞপ্তি

**বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জনস্বার্থে এয়ার পিউরিফায়ার আমদানিতে বিদ্যমান কাস্টমস শুল্ক হ্রাস এবং রেগুলেটরি শুল্ক ও আগাম কর সম্পূর্ণ প্রত্যাহার**

বর্তমানে বিশ্বে বায়ুদূষণের শীর্ষে থাকা শহরের তালিকায় ঢাকা ও বাংলাদেশের অন্যান্য শহরের নাম রয়েছে। এ বায়ুদূষণের ফলে জনস্বাস্থ্যের ব্যাপক ক্ষতিসহ জনগণের প্রভূত আর্থিক ক্ষতি সাধিত হচ্ছে। সে প্রেক্ষাপটে বায়ুদূষণের ক্ষতিকর প্রভাব মোকাবিলায় আমদানি পর্যায়ে শুল্ক-কর হ্রাস করার মাধ্যমে এয়ার পিউরিফায়ারের মত কার্যকর বায়ুদূষণ নিয়ন্ত্রণের সরঞ্জাম সহজলভ্য করতে এয়ার পিউরিফায়ারের আমদানিতে বিদ্যমান কাস্টমস শুল্ক (CD) ২৫% হতে হ্রাস করে ১০% নির্ধারণ এবং ৩% রেগুলেটরি শুল্ক (RD) ও ৫% আগাম কর (AT) প্রদান হতে সম্পূর্ণ অব্যাহতি প্রদান করে জাতীয় রাজস্ব বোর্ড জনস্বার্থে ২০ জানুয়ারি, ২০২৫ তারিখে একটি প্রজ্ঞাপন জারী করেছে। এই অব্যাহতি প্রদানের ফলে এয়ার পিউরিফায়ার আমদানিতে বিদ্যমান মোট করভার ৫৮.৬০% হতে হ্রাস পেয়ে ৩১.৫০% এ নির্ধারিত হয়েছে।

জারীকৃত প্রজ্ঞাপনের ফলে প্রতিটি এয়ার পিউরিফায়ারের আমদানি খরচ প্রকারভেদে ১,৫০০ টাকা হতে ৭,০০০ টাকা পর্যন্ত হ্রাস পাবে। আমদানি ব্যয় কমানোর কারণে এয়ার পিউরিফায়ার জনগণের নিকট কমদামে সহজলভ্য হবে। এয়ার পিউরিফায়ারের বহুল ব্যবহার জনস্বাস্থ্যের ওপর বায়ুদূষণের বিরূপ প্রতিক্রিয়া প্রতিরোধে কিছুটা হলেও সহায়ক হবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড মনে করে।